গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.০২.০৭৪.২০২০.০০৫

তারিখ: ১৯ পৌষ ১৪২৭ / ০৩ জানুয়ারি ২০২১

বিষয়: "রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্পের অনুকূলে ২০২০-২১ অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ হতে ১ম-২য় কিস্তি বাবদ ছাড়করণে সম্মতি প্রদান।

সূত্র: (ক) রাজশাহী সিটি কর্পোরেশনের স্মারক নম্বর ৪৬.১২.০০০০.০০৬.১৪.৩১৯.২০২০.১৭৩৮/১৭৩৯, তারিখ: ৭/১২/২০২০;
(খ) পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের স্মারক ২০.০৬.০০০০.৬১৮.২০.৩৬৫.২০/২২, তারিখ: ১২/১১/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন "রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্পের (প্রকল্প কোড-২২৪৩২৩০০০) অনুকূলে চলতি ২০২০-২১ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের "নতুন প্রকল্পের বরাদ্দ (থোক)" খাতে জিওবি বাবদ রক্ষিত অর্থ হতে ২৫০০.০০ লক্ষ (পঁচিশ কোটি) (রাজস্ব ২০০.০০ লক্ষ ও মূলধন ২৩০০.০০ লক্ষ টাকা) টাকা বরাদ্দ প্রদান করা হয়।

২। এ প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ আইবাস++ এ অন্তর্ভুক্ত করে ১ম-২য় কিস্তি বাবদ ১২৫০.০০ লক্ষ (বার কোটি পঞ্চাশ লক্ষ) (রাজস্ব ১০০.০০ লক্ষ ও মূলধন ১১৫০.০০ লক্ষ টাকা) টাকা অবমুক্তিতে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি:

১. প্রকল্পের প্রশাসনিক অনুমোদন
২. প্রকল্পের অনুকূলে বরাদ্দের কপি
৩. অনুমোদিত নোট সিটের সত্যায়িত কপি
৪. অর্থ ছাড়ের প্রস্তাব সংলগ্নি-৪ ও সংলগ্নি-৫


নুমেরী জামান
উপসচিব
ফোন: ৯৫৫৪৬৫৮
ই-মেইল: lgcc2@lgd.gov.bd


সিনিয়র সচিব
অর্থ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, বাজেট-১১]।

অনুলিপি:

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (জি.ও. টি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।